



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
প্রকল্প পরিচালকের কার্যালয়
উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প
ঢাকা ট্রেড সেন্টার (৯ম তলা)
৯৯, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েব: www.heqep-ugc.gov.bd ফ্যাক্স: ০২-৮১৮৯০২১

স্মারক নম্বর: UGC/HEQEP/Recruitment/ Accountant /Part File-1/2016/33/522 তারিখ: ২১/০৬/২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক বাস্তবায়নাধীন উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্পের {Higher Educational Quality Enhancement Project (HEQEP)} নিম্নবর্ণিত শূন্য পদে সাকল্য বেতনে ৩১.১২.২০১৮ পর্যন্ত বা প্রকল্প মেয়াদ পর্যন্ত সরাসরি নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

Sl. No.	Details	Key tasks	Educational Qualifications	Experience and skills
1.	Post: Accountant Vacant Post: 02 (Two) Grade: 11 (Consolidated Pay: Tk. 17,190.00)	-Maintain appropriate financial records (registers, books, records, ledgers, etc.) -To handle Bank accounts and transactions -Maintain computerized financial records -To prepare financial statement - To prepare Bank reconciliation statement	Master's Degree in Accounting or Finance	Basic computer skills

শর্তাবলি:

- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ১৫ পৌষ ১৪২১ বঙ্গাব্দ/২৯ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক পরিপত্রে উল্লিখিত চাকরির আবেদন ফরম মোতাবেক আবেদন করতে হবে। আবেদন ফরমটি হেকেপ এর ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। ওয়েবসাইট : www.heqep-ugc.gov.bd
- প্রয়োজনীয় তথ্য সংবলিত আবেদনপত্র ০৬/০৭/২০১৮ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি প্রকল্প পরিচালক, উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প, ঢাকা ট্রেড সেন্টার (৯ম তলা), ৯৯ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ ঠিকানায় পৌঁছাতে হবে।
- ০৬/০৭/২০১৮ তারিখে প্রার্থীর বয়স মুক্তিযোদ্ধা/শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ এবং অন্যান্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বছর।
- সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুযায়ী কোটা সম্পর্কিত সকল বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাই এর পর শুধুমাত্র গ্রহণযোগ্য প্রার্থীদের প্রাথমিক নির্বাচনের লক্ষে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান জানান হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

৬. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে প্রদত্ত তথ্যসমূহ যাচাই এর জন্য আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্র প্রদর্শন করতে হবে এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ১ সেট ফটোকপি জমা দিতে হবে।
ক) জাতীয় পরিচয়পত্রসহ শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি। খ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/পোষ্য ও অন্যান্য কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত/প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের মূল কপি গ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র ও অভিজ্ঞতা সনদ।
৭. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ বা বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে। দরখাস্ত গ্রহণ বা বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৮. নিয়োগকৃত কর্মচারী সার্বক্ষণিকভাবে প্রকল্পের কাজে নিয়োজিত থাকবেন। তাঁর চাকরির ক্ষেত্রে সরকারি আচরণবিধি, ছুটি বিধি ও অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে।
৯. প্রকল্প সমাপ্তির সাথে সাথে প্রার্থীর চাকরি অবসান হয়েছে বলে গণ্য হবে। নতুন করে কোন প্রকার অব্যাহতিপত্র দেয়া হবে না।
১০. বেতন-ভাতাদি নির্ধারণের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশাবলি অনুসৃত হবে।
১১. কাজের মান (Performance) সন্তোষজনক না হলে প্রকল্প পরিচালক/কর্তৃপক্ষ ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে নিয়োগ বাতিল করতে পারবেন। তবে নিয়োগ বাতিলের পূর্বে সরকারি পাওনা আদায় করা হবে।



২১.০৬.২০১৮

(ড. গৌরাস্ত চন্দ্র মোহান্ত এনডিসি)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

টেলিফোন: ৮১৮৯০২০

ই-মেইল: pd.heqep2@gmail.com